CWU Newsletter

POWER TO WOMEN

Fall 2025

CENTRAL WOMEN'S UNIVERSITY



প্রাণের মেলা সমাবর্তন

সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির তৃতীয় সমাবর্তন অনুষ্ঠিত হলো ২৬ এপ্রিল ২০২৫। বহু ত্যাগ আর সাধনায় অর্জিত ডিগ্রির আনুষ্ঠানিক স্বীকৃতি পাওয়ার এ দিনটি মুখরিত হয় শিক্ষার্থীদের আনন্দ আর কলরবে। শিক্ষার্থীদের এ উদযাপনে যোগ দেন তাদের আবেগাপ্লুত ও গর্বিত অভিভাবকরাও। শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকসহ উপস্থিত সবার সম্মিলনে উৎসবমুখর হয়ে ওঠে রাজধানীর বেইলি রোডের অফিসার্স ক্লাব। সমাবর্তনে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির আচার্য মোহাম্মদ সাহাবুদ্দিন-এর মনোনীত প্রতিনিধি শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার। সমাবর্তন বক্তা ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। বিশেষ অতিথি ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমীন এস মুরশিদ। অনুষ্ঠানে ডিগ্রি পাওয়া শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে শিক্ষা উপদেষ্টা বলেন, 'সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির কনভোকেশনে যোগদান করে আমি অত্যন্ত আনন্দিত। নারীদের শিক্ষায় অগ্রগতি হিসেবে এটি একটি বড় মাইলফলক।' পুরান ঢাকায় বিশ্ববিদ্যালয় পর্যায়ে পড়াশোনা শুরুর উদ্যোগের জন্য সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির প্রশংসা করেন তিনি সমাবর্তন বক্তৃতায় পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, 'শিক্ষা মানে শুধু ডিগ্রি অর্জন নয়। এটি সত্য, ন্যায় এবং পরিবেশ রক্ষার প্রতি একটি গভীর দায়বদ্ধতা।' তিনি আরও বলেন, 'শিক্ষা যেন কেবল উপার্জনের উপায় না হয়ে ওঠে; বরং তা বাস্তব জীবনে প্রয়োগ করে সমাজ বদল, দেশ গড়া এবং অবহেলিত মানুষের পাশে দাঁড়ানোর হাতিয়ার হতে হবে।' শারমীন এস মুরশিদ জানান, দক্ষতা বৃদ্ধিতে নারী শিক্ষার্থীরা সমাজকল্যাণ মন্ত্রণালয়ে ইন্টার্নশিপ করার সুযোগ পাবে। সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির শিক্ষার্থীদের উদ্দেশে এ বিষয়ে তিনি বলেন, 'এতে তোমাদের দুটো লাভ হবে; বাংলাদেশের প্রশাসন কীভাবে চলে- তা জানবে এবং কর্ম অভিজ্ঞতা পাবে।' স্বাগত বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান মানুষের দৃষ্টিভঙ্গি বদলানোর তাগিদ দেন। তিনি বলেন, 'নারীর প্রতি সহিংসতা, পোশাক নিয়ে কটূক্তির ঘটনা ঘটছে। এসব থেকে উত্তরণ খুব সহজ নয়। এজন্য প্রয়োজন সার্বিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন। নারীবিষয়ক সংস্কারের সুপারিশ বাস্তবায়ন সময়সাপেক্ষ। তবে, আমরা আশাবাদী এবং আমরা সবসময় ইতিবাচক সংস্কারের পক্ষে।' সমাবর্তনে আরও বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের সভাপতি কাজী জাহেদুল হাসান। ভ্যালেডিকটোরিয়ান হিসেবে শিক্ষার্থীদের মধ্য থেকে বক্তব্য দেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী সাদিয়া আফরীন নীলা। এ সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের ৫টি বিভাগের মোট ৬৮৪ জন শিক্ষার্থী স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তাদের মধ্যে ২৯ জন শিক্ষার্থী ভাইস চ্যান্সেলরস অ্যাওয়ার্ড পান। ডিগ্রি প্রদানের আনুষ্ঠানিক আয়োজন শেষে ছিল সাংস্কৃতিক আয়োজন। এতে অংশ নেন সংগীত শিল্পী ইমরান মাহমুদুল এবং দিলশাদ নাহার কনা।

ড. পারভীন হাসানের বেগম রোকেয়া পদক ২০২৪ অর্জন



সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির উপাচার্য, ড. পারভীন হাসান, দেশের নারী শিক্ষার প্রসার ও অগ্রগতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বেগম রোকেয়া পদক ২০২৪-এ ভূষিত হন । ৯ ডিসেম্বর ২০২৪ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস তার হাতে পদক তুলে দেন। ড. পারভীন হাসানের এই গৌরবোজ্জ্বল অর্জনে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি পরিবার আনন্দিত ও গর্বিত।

সিডব্লিউইউতে নতুন ট্রেজারার ড. আহমেদ আবদুল্লাহ জামাল



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের বিভাগের সাবেক অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামাল সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির নতুন ট্রেজারার হিসেবে কাজ করেছেন। ড. জামাল মস্কোর পিপলস ফ্রেন্ডশিপ ইউনিভার্সিটি থেকে সোভিয়েত হিস্টোরিওগ্রাফিতে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধ, সোভিয়েত ইউনিয়নের ইতিহাস এবং রাজনৈতিক মতাদর্শের উপর বেশ কিছু গুরুত্বপূর্ণ গবেষনা করেছেন এবং বাংলাপিডিয়ার সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করেছেন। ড. জামাল নিউইয়র্ক ইউনিভার্সিটিতে ফুলব্রাইট স্কলার এবং দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে ভিজিটিং ফেলো হিসেবেও কাজ করেছেন। এছাড়াও, তিনি ব্র্যাক ইউনিভার্সিটিতে খন্ডকালীন শিক্ষকতা করেছেন এবং বিভিন্ন জাতীয় প্রতিষ্ঠানে রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন করেছেন। এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ এবং বাংলাদেশ অ্যাসোসিয়েশন ফর আমেরিকান স্টাডিজের মতো প্রতিষ্ঠানে নেতৃত্বদানের মাধ্যমে ড. জামাল তার বুদ্ধিবৃত্তিক গভীরতা এবং প্রাতিষ্ঠানিক প্রতিশ্রুতির স্বাক্ষর রেখেছেন।

স্প্রিং-২০২৫ সেমিস্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত



সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিতে নবীন শিক্ষার্থীদের অংশগ্রহণে স্প্রিং-২০২৫ সেমিস্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রাম সফলভাবে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে ৪ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে আয়োজিত এই অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন কাজী মিডিয়া লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা তাসনুভা আহমেদ টিনা। একই সঙ্গে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অফ ট্রাস্টিজের চেয়ারম্যান কাজী জাহেদুল হাসান ও ট্রাস্টি কাজী জাহিন হাসান। উপাচার্য ড. পারভীন হাসান, ট্রেজারার আহমেদ আবদুল্লাহ জামাল, রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ, সকল বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকবৃন্দ, নবীন শিক্ষার্থী এবং তাদের অভিভাবকবৃন্দও উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক নারী দিবস ২০২৫ উদযাপন



সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক নারী দিবস ২০২৫ উদযাপিত হয় জেন্ডার ক্লাবের উদ্যোগে। ৫ মার্চ ২০২৫ তারিখে আয়োজিত এই অনুষ্ঠানে পোস্টার প্রতিযোগিতা ও নারী ক্ষমতায়ন নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ তার বক্তব্যে এই দিবসের তাৎপর্য তুলে ধরেন। বিশেষ অতিথি আলোকচিত্রী তাসলিমা আখতার বাংলাদেশি নারী শ্রমিকদের সংগ্রামের কথা স্মরণ এবং ভবিষ্যতে নারীর মর্যাদা বৃদ্ধিতে আশাবাদ ব্যক্ত করেন। গার্মেন্টস শ্রমিক সংগঠনের সাবিনা ইয়াসমিনও নারী শ্রমিকদের চ্যালেঞ্জ তুলে ধরেন। পোস্টার প্রতিযোগিতায় সামানুল জান্নাত, রফিয়া ইসলাম ও আইরিন আক্তার সাদিয়া বিজয়ী হন। উপাচার্য ড. পারভীন হাসান শিক্ষাকে নারী ক্ষমতায়নের মূল ভিত্তি আখ্যায়িত করে সহিংসতা ও বৈষম্যের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ নারী-পুরুষ সমঅধিকার প্রতিষ্ঠায় প্রতিশ্রুতিবদ্ধ হন।

সিসনোভা GRIP প্রোগ্রামের উদ্বোধন



সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি শিক্ষার্থীদের পেশাগত প্রস্তুতি ও কর্মসংস্থানে সফলতার সুযোগ বৃদ্ধি করতে সিসনোভা GRIP (Graduate Readiness Internship Program) নামে একটি উদ্ভাবনী প্রোগ্রাম চালু করেছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. পারভীন হাসান, যিনি শিক্ষার্থীদের কর্মজীবনের প্রস্তুতিতে এই প্রোগ্রামের গুরুত্বের উপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি সিসনোভা-এর সিইও মাহমুদা ইসলাম, কাজী ফার্মসের হেড অব এইচআর মনিরুজ্জামান মনির, এবং দীপ্ত টেলিভিশনের চিফ নিউজ এডিটর এস এম আকাশ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রোগ্রামের লক্ষ্য ও কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক ও শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন। এই প্রোগ্রাম শিক্ষার্থীদের পেশাদার দক্ষতা উন্নয়ন এবং ইন্টার্নশিপের মাধ্যমে বাস্তব কর্মক্ষেত্রের অভিজ্ঞতা অর্জনে সহায়তা করবে বলে আশা করা হচ্ছে।

Thank you
for covering
CWU events

DEEPTO TV

বসন্ত উৎসব ১৪৩১

সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির কালচার ক্লাবের উদ্যোগে বর্ণাঢ্য আয়োজনে পালিত হলো বসন্ত উৎসব ১৪৩১। সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসবের শুভ সূচনা হয়, এরপর দিনব্যাপী চলে সরগরম ফাল্গুন মেলা। বর্তমান শিক্ষার্থী ও অ্যালামনাইরা মেলার জন্য ৩৪টি স্টলে রকমারি পণ্যের পসরা সাজিয়ে উৎসবকে প্রাণবন্ত করে তোলেন। উপাচার্য ড. পারভীন হাসান, ট্রেজারার আহমেদ আবদুল্লাহ জামাল, রেজিস্ট্রার ইলিয়াস আহমেদসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারপার্সন, শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত থেকে এ উৎসবের মর্যাদা বৃদ্ধি করেন। প্রায় তিন শতাধিক দর্শক অংশগ্রহণে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ মুখরিত হয়ে উঠে, যেখানে বিভিন্ন কলেজের শিক্ষার্থী ও অভিভাবকরাও উৎসবের আনন্দ ভাগাভাগি করেন।





CWU Joins DS2S Country Planning Meeting 2025

A seven-member delegation from Central Women's University (CWU), led by the Vice Chancellor Dr. Perween Hasan, actively participated in the Digital Skills to Succeed in Asia (DS2S) Country Planning Meeting 2025, held from April 28 to 30. Organized by GIZ (German Agency For International Cooperation), the meeting was a pivotal forum for reviewing progress and planning future digital education initiatives. CWU showcased its advancements in micro-credential courses and championed gender-inclusive, data-driven education, highlighting its leadership in curriculum innovation and its influential role in enhancing digital literacy and shaping the national DS2S strategy. This engagement reaffirms CWU's commitment to advancing digital skills and fostering inclusive learning in Bangladesh's higher education landscape.



CWU Media & Movie Club Celebrates Strength & Womanhood



Media & Movie Club screened Mrs., a Bollywood film exploring resilience, renewal, and second chances, on Thursday, February 27, 2025, at 11:00 AM in Room 701 . The event was graced by the Vice Chancellor Dr. Perween Hasan, Treasurer Dr. Ahmed Abdullah Jamal, Registrar Mr. Elias Ahmed, department heads, faculty, and students.

Beyond entertainment, the screening offered a profound reflection on empowerment and womanhood, resonating deeply with attendees. The university thanks all who joined this inspiring celebration through cinema.

Harmony Break: A Stress Relief Initiative

The Department of Business Administration organized "Harmony Break: A Stress Relief Initiative" on April 20, 2025. This engaging event drew over 160 participants, including the Vice Chancellor, Treasurer, Registrar, faculty, students, and staff, with the goal of fostering empathy and campus unity. Under the guidance of Ms. Tanjela Hossain, the students showcased how academic theories can be translated into meaningful, community-building experiences.





Anti-Corruption Campaign

Central Women's University observed an Anti-Corruption Campaign on November 27, 2024, highlighting women's vital role in fighting corruption. Organized by the YES group in collaboration with Transparency International Bangladesh, the event featured speeches, a pledge-signing, a themed wall magazine, and an interactive game. It concluded with a united vow to uphold integrity, reflecting CWU's strong commitment to ethical leadership.



SGS Day 2024 উদযাপন

বর্ণাঢ্য আয়োজনে ৩ অক্টোবর ২০২৪ বৃহস্পতিবার সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটিতে উদযাপিত হয়েছে SGS Day 2024। নাচ,গান,মিউজিক্যাল ড্রামা ও র‍্যাম্প শোতে মুখরিত হয় মিলনায়তন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপাচার্য ড.পারভীন হাসানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তারা। শিক্ষার্থীদের অংশগ্রহণে জমকালো এই আয়োজন উৎসবমুখর পরিবেশ তৈরি করে।



৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ১২ নভেম্বর ২০২৪, বিশ্ববিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হয় এক বিশেষ অনুষ্ঠান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউজিসি চেয়ারম্যান ড. এস এম এ ফায়েজ, যিনি অনুষ্ঠানের পূর্বে ক্যাম্পাস পরিদর্শন ও বিভাগীয় প্রধানদের সঙ্গে মতবিনিময় করেন। সভাপতিত্ব করেন উপাচার্য ড. পারভীন হাসান। বক্তব্য রাখেন বোর্ড অফ ট্রাস্টিজের চেয়ারপার্সন কাজী জাহেদুল হাসান ও ট্রেজারার ড. আহমেদ আবদুল্লাহ জামাল । শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠানটি হয়ে ওঠে আত্মপর্যালোচনার এক সংহত পর্ব। সঞ্চালনায় ছিলেন প্রভাষক অধরা শ্রেয়সী অথৈ।

আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস উদযাপন



আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস ২০২৪ উপলক্ষে ৫ নভেম্বর সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির জেন্ডার ক্লাবের উদ্যোগে এক সচেতনতামূলক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। "নারী ও কন্যা শিশু নির্যাতন প্রতিরোধে কাজ করুন! 'অজুহাত নয়, এক হোন' প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজনে অংশ নেন শিক্ষক, শিক্ষার্থী ও সচেতন নাগরিকরা। বিশেষ অতিথি মানবাধিকারকর্মী শিরীন হক নারীপক্ষের সংগ্রামের ইতিহাস তুলে ধরেন এবং ডা. জাফরুল্লাহ চৌধুরীর প্রতি শ্রদ্ধা জানান। উপাচার্য ড. পারভীন হাসান তার উত্তরীয় পরিয়ে সম্মান জানান এবং বলেন, এ ধরনের কর্মসূচি সচেতনতার বীজ বপনের এক গুরুত্বপূর্ণ প্রয়াস। অনুষ্ঠানে রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ, ট্রেজারার আহমেদ আবদুল্লাহ জামালসহ শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের শিক্ষার্থীরা পরিবেশন করেন সংগীত, নৃত্য ও কবিতা। "নারী নির্যাতন রুখতে হবে, এই হাত হাতিয়ার হবে"–এই স্লোগানে অনুষ্ঠান শেষ হয়।

থ্যালাসেমিয়া সচেতনতা সেমিনার ও রক্তদান কর্মসূচি



থ্যালাসেমিয়া সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি ও স্বেচ্ছায় রক্তদানে উৎসাহ দিতে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি ও বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ৩০ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয় একটি সেমিনার ও রক্তদান কর্মসূচি। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের প্রভাষক ও স্পোর্টস ক্লাবের মডারেটর মেহদিনা কবির তামান্না। সচেতনতামূলক আলোচনায় মূল বক্তব্য উপস্থাপন করেন ডা.ইফফাত জাহানারা ও ডা.অর্পিতা মজুমদার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড.পারভীন হাসান,রেজিস্ট্রার ইলিয়াস আহমেদসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। সেমিনার শেষে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়,যেখানে শিক্ষার্থীরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। পরবর্তীতে আয়োজিত রক্তদান কর্মসূচিতে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে থ্যালাসেমিয়া রোগীদের জন্য মোট ৩৫ ব্যাগ রক্ত সংগ্রহ করা হয়। আয়োজকরা জানান,থ্যালাসেমিয়ার মতো জটিল রোগ সম্পর্কে সচেতনতা বাড়াতে এমন উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

দি আর্ট অব পজ চিত্রপ্রদর্শনী অনুষ্ঠিত



গত ২ ডিসেম্বর, ২০২৪, সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের লবিতে জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের উদ্যোগে "দি আর্ট অব পজ" শিরোনামে একটি চিত্রপ্রদর্শনী অনুষ্ঠিত হয়। "ডিজিটাল ফটোগ্রাফি অ্যান্ড ফটোজার্নালিজম" কোর্সের অংশ হিসেবে আয়োজিত এই প্রদর্শনীর উদ্বোধন করেন প্রধান অতিথি রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ। এসময় বিভাগীয় প্রধান ও অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। প্রদর্শনীতে ৮ জন শিক্ষার্থীর তোলা মোট ৭৮টি ছবি স্থান পায়। আয়োজনটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন শিক্ষক মিতালী রায়।

ফল-২০২৪ সেমিস্টারের নবীনবরণ



সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি ফল-২০২৪ সেমিস্টারে ভর্তি হওয়া শিক্ষার্থীদের বরণ করে নিয়েছে নানা আয়োজনে। বিশ্ববিদ্যালয় মিলনায়তনে কালচার ক্লাবের উদ্যোগে, ৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখ বেলা ১১টায় আয়োজিত এই নবীনবরণে প্রধান অতিথি ছিলেন জনপ্রিয় সংগীতশিল্পী ও সাংবাদিক এলিটা করিম। উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড.পারভীন হাসান,রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ,ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন কাজী জাহেদুল হাসানসহ শিক্ষক,শিক্ষার্থী ও অভিভাবকরা। অনুষ্ঠানটি দীপ্ত টেলিভিশনের মিডিয়া পার্টনারশিপে অনুষ্ঠিত হয়।



Annual Sports Day 2025

Central Women's University (CWU) held its Annual Sports Day on February 10, 2025, promoting holistic well-being alongside academics. The event kicked off at 10:30 a.m. with an inauguration by Vice Chancellor Dr. Perween Hasan, Registrar Elias Ahmed, and Board Chairperson Mr. Kazi Zahedul Hasan, including a balloon release. Organized by the CWU Sports Club, the day featured five sports competitions for students, faculty, and staff. Fifteen top performers were recognized during a prize ceremony led by the Vice Chancellor and Registrar. Moderator Mehdina Kabir Tamanna extended thanks to all supporters. The Vice Chancellor reiterated the university's dedication to holistic education, combining physical vitality with academic excellence.

Rokeya Day 2024 Observed with Special Screening at CWU



On December 4, 2024, the Gender Club of Central Women's University commemorated Rokeya Day with a screening of "Hidden Figures" in Room 701. The event celebrated Rokeya Sakhawat Hossain's legacy and women's contributions to science and technology. Registrar Elias Ahmed inaugurated the program, highlighting parallels between historic and modern gender struggles. Hosted by Senior Lecturer Naznin Sultana, the event engaged students, faculty, and department leaders in dialogue on gender equality and empowerment.



Visual Narratives: A Photography Exhibition at CWU

On May 14, 2025, the Journalism and Media Studies department of Central Women's University hosted a photography exhibition titled "Nature and Nuances" in the university lobby. Supervised by Lecturer Adhra Sreoshi Athoi, the event featured around 90 images. Vice Chancellor Dr. Perween Hasan and Registrar Elias Ahmed were among the notable attendees.



Beyond the Covers Sessions from the English Club

The CWU English Club recently held its "Beyond the Covers" session on December 1, 2024 in the university lobby, where students explored literature and culture. Sumaia Islam reflected on loneliness through Murakami's The Year of Spaghetti, while Joya Devi Setri analyzed poems by Wordsworth. The event ended with a vibrant discussion, fostering critical thought and literary appreciation.

Mastering Graphics & UX Design Inspires CWU Students



On October 31, 2024, Central Women's University hosted a guest lecture titled "Mastering Graphics & UX Design,"organized by Assistant Professor Ayesha Aziz Prova for the Web and Mobile Programming course. Alumna Fahrina Rashid Mimun shared her industry experience, combining theory with practical insights. The session sparked strong student engagement and highlighted CWU's dedication to integrating academic learning with real-world tech skills.



Fall 2024 TechnicalProject & PosterPresentation

Central Women's University showcased student innovation at the Fall 2024 Technical Project & Poster Presentation, organized by the CSE Department. Featuring 27 projects across key technical areas, the event highlighted student creativity and teamwork. Faculty judges evaluated the work, with Treasurer Dr. Ahmed Abdullah Jamal and Registrar Mr. Elias Ahmed attending as special guests.





Business Fair 2024

On November 20, 2024, the Central Women's University Business Club hosted its annual Business Fair. The event, inaugurated by Registrar Mr. Elias Ahmed, featured student and local innovator stalls with items like handmade bangles, apparel, and food. The fair aimed to showcase entrepreneurial skills and encourage networking.

Lecture on "Liberation War of Bangladesh: Glocal Perspectives"



On December 3, 2024, Professor Dr. Ahmed Abdullah Jamal delivered a lecture titled "Liberation War of Bangladesh: Glocal Perspectives"under the course History of the Emergence of Bangladesh. Held in Room 409, the talk explored the 1971 war's local and global dimensions, its role in shaping national identity, and its international impact. A lively Q&A followed, reflecting the topic's lasting relevance.

Business Day 2024

On November 21, the CWU Business Club celebrated Business Day 2024 with a flash mob and a formal ceremony. Treasurer Dr. Ahmed Abdullah Jamal and Registrar Mr. Elias Ahmed led a cake-cutting. The event featured speeches on entrepreneurship and concluded with a concert by the band "Rong Cha."



Master Class on Television Production



On 25th September 2024, the Department of Journalism and Media Studies at CWU hosted a master class on Television Production. Guest speakers Ruksana Perven Lisa and Ezzaz Uddin Ahmed Shanto from Deepto TV shared industry insights with students. The session was coordinated by Lecturer Mitali Ray.



CWU Offers Hostel Facilities

Central Women's University is currently accepting bookings for its student hostel, featuring supervised, secure, and study-friendly accommodation with internet and affordable costs. Contact the Registrar's Office for details.

Short Film Exhibition



The Department of Journalism and Media Studies at CWU recently wrapped up its "COLORS" short film exhibition. Led by Adhra Sreoshi Athoi's Visual Communication course, eleven student groups showcased 3-minute films exploring the emotional and thematic significance of different colors. The event, held on December 4, 2024, at 10 AM in Room 603, concluded with an interactive reflection session, celebrating the students' innovative storytelling.

Business Students Turn Theory into Practice



On October 6–7, 2024, Business Administration students at Central Women's University held an exhibition titled "Theory to Reality." Guided by Assistant Professor Tanjela Hossain, 60 students from the Principles of Management course started small businesses with 1000 taka capital each. The event, featuring stalls with crafts and food, provided hands-on experience in planning, leadership, and risk management.



Solidarity for Gaza

On April 7, 2025, Central Women's University demonstrated steadfast solidarity with Gaza as students, faculty, and officials joined the global strike advocating for justice and peace. In a powerful gesture of support, all academic and administrative activities at CWU were suspended for the day, underscoring the university community's collective commitment to humanitarian principles and global awareness.



Youth Voices in Literature and Culture

Rafiya Zaman Prome, a fifth-semester English student, presented "Reimagining the American Dream: Death of a Salesman in Contemporary Bangladesh" at ULAB's International Conference on Trans-phenomenon in Language, Literature, and Culture (Nov 15–16, 2024). On February 14, 2025, Gopalganj Science and Technology University held its first National Conference, "The Interplay of Language, Literature, and Culture: Youth Perspectives," where Sanjida Yesmin, Assistant Admin Officer, contributed with a paper. Nazifa Bashir, Lecturer at Central Women's University, presented "Sexual Politics and Racial Beauty in Toni Morrison's The Bluest Eye" at the ULAB conference, also engaging with themes from "The Interplay of Language, Literature, and Culture: Youth Perspectives."

CWU Sports Club Launches Aerobics, Cardio & Zumba Program



The Central Women's University Sports Club has launched an "Aerobics + Cardio + Zumba Program." Although classes have started, registration is open for 400 BDT. Interested participants can contact Mehdina Kabir Tammana, Senior Lecturer (DBA) and Sports Club Moderator, for details.

Student Success at GIZ Spring School 2025

Central Women's University proudly celebrates the achievement of Amina Jahan Abbasi and Jannatul Mehjabin, who recently participated in the prestigious GIZ Spring School 2025 in New Delhi. Centered on the theme "Empowering Futures: Women, AI, and the Future of Work," the program honed their digital competencies and deepened their understanding of inclusive, AI-driven workplaces. Their success not only highlights individual excellence but also affirms CWU's dedication to advancing women's leadership in technology. The university commends their accomplishment as a milestone in the ongoing pursuit of equity and innovation.



সম্পাদকীয় অগ্রগতি ও নারী ক্ষমতায়নে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি

সমাজের প্রতিটি অগ্রগতির পেছনে থাকে শিক্ষার নিরবচ্ছিন্ন স্রোত। সেই স্রোতে দীপ্ত পদচারণায় সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি নিরন্তর কাজ করে চলেছে। নারী শিক্ষা, প্রযুক্তি-দক্ষতা, নৈতিক নেতৃত্ব ও সামাজিক দায়বদ্ধতা–এই চারটি বিষয়ের উপরে গুরুত্ব দিয়ে এগিয়ে চলেছে এ বিশ্ববিদ্যালয়ের পদচারনা। ২০২৫ সালের ২৬ এপ্রিল–সিডব্লিউইউ-এর তৃতীয় সমাবর্তন যেন ছিল এক প্রাণের মেলা, গৌরব আর সম্ভাবনার মহোৎসব। বেইলি রোডের অফিসার্স ক্লাবে অনুষ্ঠিত এই আয়োজনে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ৫৮৪ জন শিক্ষার্থী আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন তাদের বহু সাধনায় অর্জিত ডিগ্রি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও সিডব্লিউইউ-এর আচার্যের মনোনীত প্রতিনিধি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষাবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান জোর দিয়ে বলেন, "শিক্ষা কেবল একটি ডিগ্রি অর্জনের বিষয় নয়; এটি সত্য, ন্যায়বিচার এবং পরিবেশ সুরক্ষার প্রতি গভীর অঙ্গীকার।" সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমিন এস মুরশিদ তার মন্ত্রণালয়ে সিডব্লিউইউ শিক্ষার্থীদের জন্য ইন্টার্নশিপের সুযোগ ঘোষণা করে শিক্ষার্থীদের অনুপ্রাণিত করেন। নারী শিক্ষায় অসামান্য অবদানের জন্য উপাচার্য ড. পারভীন হাসান ৯ ডিসেম্বর, ২০২৪ তারিখে মর্যাদাপূর্ণ বেগম রোকেয়া পদক ২০২৪-এ ভূষিত হন, যা বিশ্ববিদ্যালয়ের জন্য অত্যন্ত গর্বের। বিশ্ববিদ্যালয়ের অঙ্গনে শুধু পাণ্ডিত্য নয়, বাস্তব জীবনের চর্চাও চলে সমান্তরালে। সিসনোভা'র GRIP প্রোগ্রাম, জিআইজেড-ডিএস২এস অংশীদারিত্ব, ডিজিটাল স্কিলস সম্মেলনে অংশগ্রহণ–এসবই প্রমাণ করে, সিডব্লিউইউ ভবিষ্যতের জন্য নারীদের তৈরি করছে হাতে-কলমে। এ শিক্ষার পরিধি পাঠ্যবই ছাড়িয়ে পৌঁছায় জীবনের গভীরে–ব্যবসায়িক উদ্যোগ থেকে শুরু করে চলচ্চিত্র, চিত্রপ্রদর্শনী, দুর্নীতিবিরোধী আন্দোলন কিংবা গাজার পক্ষে সংহতির মতো মূল্যবোধ-নির্ভর কর্মকাণ্ডে। সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি (CWU) শিক্ষার্থীদের পুঁথিগত শিক্ষার পাশাপাশি বাস্তবভিত্তিক জ্ঞান ও সামাজিক মূল্যবোধ তৈরিতে কাজ করে। ক্যাম্পাসে স্পোর্টস ক্লাব, বিজনেস ক্লাব ও ইংলিশ ক্লাবের বিভিন্ন আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীরা প্রায়োগিক দক্ষতা অর্জন করে। এই শিক্ষার প্রতিফলন দেখা যায় আন্তর্জাতিক অঙ্গনেও, যেখানে বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী সম্প্রতি ভারতে GIZ (German Agency For International Cooperation) আয়োজিত 'স্প্রিং স্কুল ২০২৫'-এ অংশগ্রহণ করেছে। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই শামীমা শাওনের প্রযোজিত কৃষি অনুষ্ঠান 'দীপ্ত কৃষি'-এর সম্মাননা অর্জন প্রমাণ করে যে, এখানকার শিক্ষার্থীরা কর্মক্ষেত্রেও নেতৃত্বের স্বাক্ষর রাখছে। একাডেমিক উৎকর্ষের পাশাপাশি সংস্কৃতি, ক্রীড়া, সাহিত্য ও সমাজসেবায় বিশ্ববিদ্যালয়টির বহুমাত্রিক অংশগ্রহণ আজ আমাদের আশাবাদী করে তোলে।

শামীমা শাওনের সফলতায় গর্বিত সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি



নগর কৃষি ফাউন্ডেশনের পক্ষ থেকে দীপ্ত টিভির কৃষি বিষয়ক আলোচিত অনুষ্ঠান 'দীপ্ত কৃষি' ২০২৪ সালে জনপ্রিয় কৃষি বিষয়ক অনুষ্ঠান ক্যাটাগরিতে 'নগর কৃষি সম্মাননা' অর্জন করেছে। এই সফলতার পেছনে প্রযোজক ও ইনচার্জ,সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির গর্বিত অ্যালামনাই শামীমা শাওনের অবদান অনস্বীকার্য। তাঁর এই অসামান্য সাফল্যে ভীষণ গর্বিত এবং তাঁকে প্রাণঢালা অভিনন্দন। কৃষি সচেতনতায় 'দীপ্ত কৃষি' এর এই স্বীকৃতি দেশের কৃষি খাত ও তরুণ প্রজন্মের জন্য এক প্রেরণার বাতিঘর।

CWU Newsletter Team

Advisors
Dr. Perween Hasan
Vice Chancellor

Elias Ahmed
Registrar

Editor
Sajeeb Sarker
Associate Professor & Chairperson
Journalism and Media Studies

Co-Editor
Asif Nawaz
Sr. Lecturer, English Language and Literature

Members
Hasinus Sabah
Sr. Lecturer, JMS

Amreta Biswas
Sr. Lecturer, DBA

Muktadir Billah Munim
Sr. Lecturer, ELL

Shapla Khatun
Lecturer, CSE

Nazia Naznin
Lecturer, SGS

Sharmin Akter
Sr. Asst. System Manager

Md. Asfaq Ahmed Ananda
Assistant Registrar

Member Secretary
Md. Iqbal Imam
Sr. Asst. Registrar

Publication Assistant, Design and Make-up
Md. Azizul Hakim
Asst. System Manager

Published by **Central Women's University** www.cwu.edu.bd

6 Hatkhola Road, Dhaka-1203 ● Phone: 223387499, 223359938 ● Cell: 01988-819011, 01915-721560 ● fb.com/centralwomensu